



**আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড**  
**অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট**  
**প্রধান কার্যালয়, ঢাকা।**

তারিখ : ১৩ ফাল্গুন ১৪২৯  
২৬ ফেব্রুয়ারি ২০২৩

**প্রশাসনিক পরিপত্র নং- ০৬/২০২৩**

বর্তমান বৈশ্বিক ও অভ্যন্তরীণ প্রেক্ষাপট, প্রযুক্তিগত উৎকর্ষ, চতুর্থ শিল্প বিপ্লব এবং পুঁজিবাজার ও মুদ্রা বাজারের ডিজিটালাইজেশন এর প্রেক্ষিতে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর সার্বিক কার্যক্রম এবং ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে নিম্নোক্ত কর্মচারীগণের সমন্বয়ে ‘মার্কেটিং রিসার্চ কমিটি’ গঠন করা হলোঃ

১. উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, অপারেশনস্ ডিভিশন	আহ্বায়ক
২. ডিপার্টমেন্ট প্রধান, আন্ডাররাইটিং এন্ড ইস্যু ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট	সদস্য সচিব
৩. ডিপার্টমেন্ট প্রধান, ইনভেন্টরস্ ডিপার্টমেন্ট	সদস্য
৪. ডিপার্টমেন্ট প্রধান, পিটারবিডি ডিপার্টমেন্ট	সদস্য
৫. ডিপার্টমেন্ট প্রধান, ট্রান্স্ট এন্ড কাস্টোডিয়ান ডিপার্টমেন্ট	সদস্য
৬. জনাব মোঃ ফজলুল হক, সিনিয়র এক্সিকিউটিভ অফিসার	সদস্য
৭. জনাব মোঃ হাবিবুর রহমান, অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার	সদস্য
৮. মিজ নার্গিস পারভিন, অফিসার	সদস্য

**০২। কমিটির কার্যপরিধি:**

- বর্তমান বাজার পরিস্থিতি পর্যবেক্ষন;
- সম্ভাব্য গ্রাহক (ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক) চিহ্নিতকরণ এবং কোম্পানির সেবা গ্রহণে উদ্বৃদ্ধকরণ;
- অন্যান্য মার্চেন্ট ব্যাংকের পণ্য ও সেবাসমূহ এবং ফি ও কমিশনের তুলনামূলক অ্যানালাইসিস;
- কোম্পানির সকল পণ্য/ সেবা বাজারজাতকরণের নিমিত্ত প্রচার/প্রচারনার কৌশল নির্ধারণ;
- মৌলভিত্তি ও লাভজনক সরকারি-বেসরকারী প্রতিষ্ঠানের পাশাপাশি ভৌগলিক অবস্থান পর্যালোচনাপূর্বক দেশের বিভিন্ন অঞ্চলের শিল্প/ব্যবসা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে পুঁজিবাজারে তালিকাভূক্তির জন্য উদ্বৃদ্ধকরণ;
- মিউচুয়াল ফান্ড/বন্ড ইস্যু করবে এমন কোম্পানিসমূহের সাথে ব্যক্তিগত যোগাযোগ ও পত্র প্রেরণ। প্রচলিত বন্ডের পাশাপাশি গ্রীন বন্ড, মিউনিসিপ্যাল বন্ড, সুকুক বন্ড ইত্যাদি প্রত্যন্ত বাজারজাতকরণ;
- ব্যবসা সম্প্রসারনের ক্ষেত্রে কোম্পানির উদ্দেশ্যের সাথে সঞ্চালিত প্রদাট্ট/সেবা চালুকরণের বিষয়ে প্রচেষ্টা অব্যাহত রাখা;
- মার্কেটিং টিম এর জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ; এবং
- মার্কেটিং রিসার্চ সংক্রান্ত অন্যান্য কার্যাবলী।

**০৩। কমিটির সভায় সদস্য সচিব এর অনুপস্থিতিতে ইনভেন্টরস্ ডিপার্টমেন্ট প্রধান সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে সভা করে সুপারিশ সম্বলিত প্রতিবেদন অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অপারেশনাল উইং) এর মাধ্যমে প্রধান নির্বাহী কর্মকর্তা সমীক্ষে উপস্থাপন করবে।**

০৪। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে কো-অপ্ট (CO-opt) করতে পারবে।

০৫। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(মোঃ নাসিম আহমেদ)  
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

বিতরণ: (জ্যোষ্ঠার ভিত্তিতে নয়)

০১। সকল ডিপার্টমেন্ট প্রধান, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা।

০২। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। সকল অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। সকল উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫। শাখা প্রধান, আইসিএমএল শাখাসমূহ।

০৬। অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

ডিপার্টমেন্ট প্রধান, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।